

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩ পৌষ ১৪২৬/০৭ জানুয়ারি ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.১৬—তথ্য মন্ত্রণালয়ের সচিব জনাব আবদুল মালেক বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক সুদীর্ঘ ৩৪ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেছেন।

২। প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব আবদুল মালেককে আন্তরিক ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ১৫ পৌষ ১৪২৬/৩০ ডিসেম্বর ২০১৯ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(৬৩৩)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

ঢাকা : $\frac{১৫ \text{ পৌষ } ১৪২৬}{৩০ \text{ ডিসেম্বর } ২০১৯}$

তথ্য মন্ত্রণালয়ের সচিব জনাব আবদুল মালেক বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮৪ ব্যাচের কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক সুদীর্ঘ ৩৪ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেছেন।

জনাব আবদুল মালেক কর্মজীবনের শুরুতে মাঠপ্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিযুক্ত ছিলেন। তিনি কুমিল্লা জেলার জেলা প্রশাসক হিসাবে দক্ষতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়; বস্ত্র ও পাট মন্ত্রণালয়; শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়; ভূমি মন্ত্রণালয় প্রভৃতি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার একান্ত সচিব-১ হিসাবেও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেছেন।

জনাব আবদুল মালেক গত ০১ মার্চ ২০১৫ তারিখে স্থানীয় সরকার বিভাগের সচিব নিযুক্ত হন। পরে তিনি গত ১৮ মার্চ ২০১৮ সালে তথ্য মন্ত্রণালয়ের সচিব হিসাবে নিযুক্ত হন এবং অদ্যাবধি দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে উক্ত দায়িত্ব পালন করেছেন।

একজন কর্মঠ, প্রাজ্ঞ, বিচক্ষণ ও সৃজনশীল কর্মকর্তা হিসাবে জনাব আবদুল মালেক পরবর্তী প্রজন্মের কর্মকর্তাদের নিকট স্মরণীয় হয়ে থাকবেন।

প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব আবদুল মালেককে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd